



Embassy of
The People's Republic of Bangladesh
Berlin, Germany

ফ্রাঙ্কফুটে বাংলাদেশ দূতাবাসের কনসুলার সেবা:
(০২ জুলাই - ০৪ জুলাই ২০২১)


সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জার্মানীর ফ্রাঙ্কফুট ও এর আশেপাশে বসবাসরত বাংলাদেশীদের মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর আবেদনপত্র ও বায়োমেট্রিক তথ্য (ছবি, স্বাক্ষর ও আঙ্গুলের ছাপ) গ্রহণ, নো-ভিসা রিকয়ার্ড প্রদান এবং অন্যান্য কনসুলার সেবা প্রদানের জন্য বাংলাদেশ দূতাবাসের একটি মোবাইল কনসুলার টিম নিম্নবর্ণিত স্থান ও সময়ে উপস্থিত থাকবে:

স্থান:	Hotel Hamburger Hof, Poststrasse 10-12, 60329 Frankfurt am Main
তারিখ ও সময়:	০২ জুলাই ২০২১ (শুক্রবার) - সকাল ০৯:৩০ টা হতে বিকাল ৪:০০ টা ০৩ জুলাই ২০২১ (শনিবার) - সকাল ০৯:৩০ টা হতে বিকাল ৪:০০ টা ০৪ জুলাই ২০২১ (রবিবার) - সকাল ০৯:৩০ টা হতে বিকাল ৪:০০ টা

মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর বায়োমেট্রিক তথ্য (ছবি, স্বাক্ষর ও আঙ্গুলের ছাপ) প্রদানের জন্য দুইসেট পুরনকৃত আবেদন ফরম, দুই কপি ছবি, অরিজিনাল পাসপোর্ট ও তার ফটোকপি, ডিজিটাল জন্ম সনদ/জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ছাত্র হলে ছাত্র আই ডি, প্রমাণ পত্র ও তার ফটোকপি এবং প্রয়োজনীয় ফি (সাধারণ ১১০ ইউরো, ছাত্র ৩৫ ইউরো) সহ উপস্থিত থাকতে অনুরোধ করা যাচ্ছে।

নো-ভিসা রিকয়ার্ড সিল গ্রহণ, বাংলাদেশী সনদ/ডকুমেন্ট সত্যায়ন এবং অন্যান্য কনসুলার সেবা গ্রহণের জন্য প্রয়োজনীয় নগদ ফি এবং সংশ্লিষ্ট আবেদন পত্র, ২-৪ কপি ছবি, অরিজিনাল পাসপোর্ট ও তার ফটোকপি, নো-ভিসা রিকয়ার্ড আবেদনের সাথে পুরাতন পাসপোর্টের প্রথম ও ভিসা পৃষ্ঠার ফটোকপি এবং প্রয়োজনীয় ডকুমেন্ট সহ উপস্থিত থাকতে অনুরোধ করা যাচ্ছে।




10.06.2021
কাজী তুহিন রসুল
কাউন্সেলর

বিঃদ্রঃ- কভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় সকল সেবা গ্রহণেচ্ছুকদেরকে মাস্ক পরিধান, টিকা গ্রহণ/ করোনা পরীক্ষা প্রমাণপত্রসহ সকল প্রকার স্বাস্থ্য বিধি মেনে ভেন্যুতে আসার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।